

আপনার বিমা কোম্পানি কি আপনার কথা শুনছে?



যদি আপনার বিমা কোম্পানি
আপনার অভিযোগের নিষ্পত্তি না-করে থাকে তাহলে
যোগাযোগ করুন

অইআরডিএ গ্রিভ্যান্স কল সেন্টার

টোল ফ্রি নং : 155255

এখানে আপনার অভিযোগ লিপিবদ্ধ করুন এবং তার স্থিতি সম্বন্ধে খোঁজ
নিন কিংবা আমাদের ই-মেইল করুন complaints@irda.gov.in-এ
অথবা লগ-অন করুন www.igms.irda.gov.in



দ্বারা জনহিতে প্রচারিত
বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ
INSURANCE REGULATORY AND
DEVELOPMENT AUTHORITY

বিমা সংবর্ধন | বিমাপ্রাধিককে সুরক্ষাদান

www.irda.gov.in



বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ
INSURANCE REGULATORY AND
DEVELOPMENT AUTHORITY



“লাইসেন্স,
পঞ্জিকরণ,
বিমা.”



মোটর বিমা
সম্পর্কে পুস্তিকা

সূচিপত্র :

- | | |
|---------------------------------------|----|
| 1. এই পুস্তিকা সম্বন্ধে | 1 |
| 2. মোটর বিমা | 2 |
| 3. বারংবার জিজ্ঞাসিত প্রশ্ন | 5 |
| 4. পলিসিধারককে প্রদেয় পরিষেবার টিএটি | 14 |
| 5. যদি আপনার কোনো অভিযোগ থাকে | 15 |

অস্বীকৃতি

এই পুস্তিকা আপনাকে শুধুই সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে রচিত এবং পূর্ণাঙ্গ নয়। এটি এক শিক্ষা উদ্যোগ এবং আপনাকে কোনো আইনি পরামর্শ দেয় না।

অভিযোগের ফর্ম পূরণে সহায়তা করে। এবং যেখানেই প্রয়োজন হয়, এটা সোজা বিমা কোম্পানির কাছে অভিযোগ দায়ের করতে সহায়ক হয়। সেইসঙ্গে বিমা কোম্পানির ঠিকানা, ফোন নম্বর, ওয়েবসাইটের বিবরণ, যোগাযোগের নম্বর, ই-মেইল আইডি প্রভৃতি সম্পর্কিত তথ্য আপনাকে দেয়া আইআরডিএ কল সেন্টার ভাবী গ্রাহক ও পলিসিধারকের জন্য ব্যাপক টেলি-কার্যক্ষমতার সঙ্গে একটি প্রকৃত বৈকল্পিক মাধ্যম প্রদান করে এবং সোমবার থেকে শনিবার, সকাল ৪টা থেকে রাত ৪টা পর্যন্ত 12 ঘণ্টা x 6 দিন ধরে হিন্দি, ইংরেজি ও বিভিন্ন ভারতীয় ভাষায় কর্মরত থাকে।

আইআরডিএ-র কাছে যখন কোনো অভিযোগ দায়ের করা হয়, এটা বিমা কোম্পানির সঙ্গে সম্পর্ক স্থাপন ক'রে তা নিষ্পত্তির ব্যবস্থা করে। অভিযোগ নিষ্পত্তির জন্য কোম্পানিকে 15 দিন সময় দেওয়া হয়। প্রয়োজন হলে, আইআরডিএ অনুসন্ধান ও জিজ্ঞাসাবাদ করে। অধিকন্তু, যেখানেই প্রয়োজ্য, রিড্রেসাল অব পাবলিক থ্রিভাল্গেন্স রুল্‌স, 1998-এর শর্তানুযায়ী অভিযোগকারীকে ইনসিওরেন্স ওয়াডসম্যানের সঙ্গে সম্পর্ক স্থাপনের পরামর্শ দেয় আইআরডিএ।

1. এই পুস্তিকা সম্বন্ধে

এই পুস্তিকাটি মোটর বিমা সম্পর্কে সহায়িকা রূপে বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ (আইআরডিএ) দ্বারা প্রস্তুত এবং শুধু সাধারণ তথ্যই প্রদান করে। এখানে প্রদত্ত কোনো তথ্যই বিমা পলিসির শর্ত ও নিয়মাবলি প্রতিস্থাপন বা বাতিল করে না।

পলিসির বিষয়ে সুনির্দিষ্ট তথ্য কিংবা অন্য কোনো অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে কোনো লাইসেন্সধারী এজেন্ট অথবা ব্রোকার অথবা আইআরডিএ-র সঙ্গে রেজিস্ট্রিকৃত কোনো বিমা কোম্পানির সঙ্গে যোগাযোগ করুন।

2. মোটর বিমা

• মোটর বিমা কী?:

মোটর বিমা গাড়ির মালিককে (ক) নিজের গাড়ির ক্ষতির বিরুদ্ধে সুরক্ষা দেয় এবং (খ) গাড়ির মালিকের প্রতি আইন অনুযায়ী নির্ধারিত কোনো তৃতীয় পক্ষের দায়ের অর্থ মিটিয়ে দেয়। তৃতীয় পক্ষ বিমা একটি বিধিবদ্ধ আবশ্যিকতা। কোনো সার্বজনিক স্থানে গাড়িটি ব্যবহার করার কারণে কিংবা তা থেকে উৎপন্ন তৃতীয় পক্ষের জীবন ও সম্পত্তির ক্ষতি বা লোকসানের জন্য গাড়ির মালিক আইনত দায়ী। কোনো সার্বজনিক স্থানে বিমা ছাড়াই মোটর গাড়ি চালানো মোটর ভেহিকেলস আইন, 1988 অনুযায়ী এক দণ্ডনীয় অপরাধ।

• মোটর বিমা কভারের প্রকার:

প্রধানত দুই প্রকারের বিমা পলিসি রয়েছে যা মোটর বিমা কভার অফার করে:

ক. কেবল দায় পলিসি (বিধিবদ্ধ আবশ্যিকতা)

খ. প্যাকেজ পলিসি (কেবল দায় পলিসি ও মালিকের গাড়ির লোকসান যাকে সাধারণত ও.ডি. কভার বলে।

মনে রাখবেন যে আপনি যদি শুধুই একটি ‘কেবল দায়’ পলিসি কেনেন তাহলে আপনার গাড়ির লোকসান কভার করা হবে না। সেজন্য প্যাকেজ পলিসি নেওয়াই ভালো, যা আপনার গাড়ির জন্য কভার সহ এক ব্যাপক কভার প্রদান

5. আপনার যদি কোনো অভিযোগ থাকে:

বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ (আইআরডিএ)-এর গ্রাহক বিষয়ক বিভাগ ইন্সটিটিউটেড গ্রিভ্যান্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস) প্রবর্তন করেছে যা অভিযোগসমূহ পঞ্জিয়ন (রেজিস্ট্রেশন) ও খুঁজে বের করার জন্য এক অনলাইন সিস্টেম। প্রথমে আপনাকে অবশ্যই বিমা কোম্পানির কাছে আপনার অভিযোগ রেজিস্টার করতে হবে এবং আপনি যদি কোম্পানির দ্বারা তা নিষ্পত্তিতে সন্তুষ্ট না-হন, তাহলে আপনি www.igms.irda.gov.in-তে গিয়ে আইজিএমএস-এর মাধ্যমে সেটা পাঠাতে পারেন। আপনি যদি বিমাকারকের অভিযোগ প্রণালীতে সরাসরি পৌঁছতে না-পারেন, সেক্ষেত্রে বিমাকারকের কাছে আপনার অভিযোগ রেজিস্টার করার একটা পছা আইজিএমএস আপনাকে প্রদর্শন করে।

আইজিএমএস (অর্থাৎ ওয়েব)-এর মাধ্যমে অভিযোগ রেজিস্টার করা ছাড়াও আপনার আরও কয়েকটি মাধ্যম (চ্যানেল) রয়েছে অভিযোগ রেজিস্টার করার জন্য - ই-মেইলের মাধ্যমে (complaints@irda.gov.in), চিঠির মাধ্যমে (আপনার চিঠি গ্রাহক বিষয়ক বিভাগ, বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ, ওয় তল, পরিশ্রম ভবন, বশিরবাগ, হায়দরাবাদ-4কে সম্বোধিত করুন) অথবা শুধুই আইআরডিএ কল সেন্টারে টোল-ফ্রি 15255 নম্বরে কল করুন, যার মাধ্যমে আইআরডিএ বিনামূল্যে বিমা কোম্পানির বিরুদ্ধে আপনার অভিযোগ রেজিস্টার করবে এবং তার স্থিতি অনুসন্ধান আপনাকে সাহায্য করবে। কলের ভিত্তিতে কল সেন্টার

আইআরডিএ দ্বারা নির্ধারিত পলিসিধারক সার্ভিসিং টার্নঅ্যারাউন্ড টাইম

পরিষেবা	সর্বাধিক টার্ন অ্যারাউন্ড টাইম
সাধারণ	
প্রস্তাবের প্রক্রিয়া এবং পলিসির চাহিদা / ইস্যু / বাতিল সহ সিদ্ধান্ত জানানো	15 দিন
প্রস্তাবের কপি সংগ্রহ	30 দিন
পলিসি ইস্যু করার পরবর্তী পরিষেবার অনুরোধ যা ক্রটি / প্রস্তাব-ডিপোজিট ফেরত এবং নন-ক্রেম সংশ্লিষ্ট পরিষেবা সম্বন্ধিত	10 দিন
জীবন বিমা	
সারেভার মূল্য / অ্যানুইটি / পেনশন প্রক্রিয়া	10 দিন
ম্যাচিওরিটি দাবি / সারভাইভাল লাভ / দণ্ডস্বরূপ সুদ প্রদত্ত হয়নি	15 দিন
দাবি দায়ের করার পর দাবির প্রয়োজনসমূহ উত্থাপন	15 দিন
অনুসন্ধানের প্রয়োজন ছাড়া মৃত্যু দাবি মেটানো	30 দিন
অনুসন্ধানের প্রয়োজন সহ মৃত্যু দাবি মেটানো / অস্বীকৃতি	6 মাস
সাধারণ বিমা	
সার্ভে রিপোর্ট দাখিল	30 দিন
বিমাকারক দ্বারা সংযোজন রিপোর্ট চাওয়া	15 দিন
প্রথম / সংযোজন সার্ভে রিপোর্ট পাওয়ার পর দাবি নিষ্পত্তি / বাতিল	30 দিন
অভিযোগসমূহ	
অভিযোগ প্রাপ্তি স্বীকার	3 দিন
অভিযোগ নিষ্পত্তি	15 দিন

করে।

• মোটর বিমা কী কভার করে :

নিম্নলিখিত বিপদগুলির জন্য হওয়া গাড়ির লোকসান সাধারণত মোটর বিমা পলিসির ওডি বিভাগের অধীনে কভার করা হয়।

ক. আগুন, বিস্ফোরণ, স্বয়ং-জ্বলন, বজ্রপাত

খ. সিঁধ কেটে চুরি / ডাকাতি / চুরি

গ. দাঙ্গা ও ধর্মঘট

ঘ. ভূমিকম্প

ঙ. বন্যা, ঝঞ্ঝা, ঘূর্ণিঝড়, সামুদ্রিক ঝড়, প্রচণ্ড ঝড়, প্রাবন, শিলাবৃষ্টি, তুষার

চ. দুর্ঘটনাজনিত বাইরের কারক

ছ. বিদ্যেপরায়ণ কাজ

জ. সন্ত্রাসী কাজকর্ম

ঝ. রেল / সড়ক, অন্তর্দেশীয় জলপথ, লিফট, এলিভেটর বা বায়ুতে সফরকালে

• ভূমিস্থলন / শিলাস্থলন

• মোটর বিমায় কী शामिल নয় :

নিম্নলিখিত আকস্মিক স্থিতিগুলি সাধারণত মোটর বিমা পলিসির অধীনে शामिल নয়:

• বৈধ ড্রাইভিং লাইসেন্স না-থাকা

- নেশাকর মদ / ড্রাগের প্রভাবে থাকা
- ভৌগোলিক সীমার বাইরে হওয়া দুর্ঘটনা
- যখন বেআইনি কাজে গাড়ি ব্যবহৃত হয়
- বৈদ্যুতিক / যান্ত্রিক বিপর্যয়।
- বিমাকৃত ধনরাশির ভিত্তি :

নিজ ক্ষতির জন্য:

মোটর বিমা পলিসির অধীনে বিমাকৃত ধনরাশি মোটর গাড়ির মূল্য দর্শায় যা বিমাকৃতের ঘোষিত মূল্য হিসাবে জ্ঞাত ধারণার ভিত্তিতে করা হয়। বিমাকৃতের ঘোষিত মূল্য হচ্ছে সেই মূল্য যা উৎপাদনকারীর বর্তমান মূল্য এবং গাড়ির বয়স অনুযায়ী মূল্যহ্রাসের ভিত্তিতে বের করা হয়।

তৃতীয় পক্ষের জন্য:

এই কভারেজ মোটর ভেহিকেলস আইন, 1988-এর আবশ্যিকতা অনুযায়ী হয়। মালিক-ড্রাইভারের জন্য বাধ্যতামূলক দুর্ঘটনা কভারও অন্তর্ভুক্ত। পলিসিকে অন্য বিভিন্ন ঝুঁকি কভার করার জন্যও বিস্তারিত করা যায়, যেমন গাড়ির সওয়ারিদের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা, ড্রাইভারের প্রতি ওয়ার্কমেন'স কমপেনসেশন (ক্ষতিপূরণ) ইত্যাদি, যা বিধির অধীনে প্রাপ্য উল্লিখিত কভার ছাড়াও লভ্য।

ইস্যু করেছে সেখানে আবেদন করুন। ডুপ্লিকেট পলিসি কপি ইস্যু করার জন্য সামান্য মাশুল চার্জ করা হয়।

প্রশ্ন. মোটর বিমা দাবির জন্য কী কী নথিপত্র দাখিল করা প্রয়োজন?

উত্তর. সাধারণত, নিম্নলিখিত নথিপত্র দাখিল করা প্রয়োজন, তবে সম্পূর্ণ তালিকা দেখার জন্য আপনার পলিসিটি ভালো করে পড়ুন - যথাযথভাবে পূরণ-করা দাবি ফর্ম, গাড়ির আরসি (রেজিস্ট্রেশন সার্টিফিকেট) কপি, ক্ষতির মূল মূল্যানুমান, মূল রিপেয়ার ইনভয়েস ও পেমেন্টের রসিদ। যদি 'নগদ অর্থ ব্যতীত' সুবিধা নেওয়া হয়ে থাকে তাহলে শুধু রিপেয়ার ইনভয়েস দাখিল করা প্রয়োজন হবে এবং সেইসঙ্গে এফআইআর, দরকার হলে। চুরি সংক্রান্ত দাবির ক্ষেত্রে চাবিগুলি দাখিল করতে হবে। চুরি সংক্রান্ত দাবিতে নন-ট্রেসেবল সার্টিফিকেটও দাখিল করা প্রয়োজন।

প্রশ্ন. আমার গাড়ির ক্রেতাকে কি আমি আমার বিমা হস্তান্তর করতে পারি?

উত্তর. হ্যাঁ, গাড়ির ক্রেতাকে বিমা হস্তান্তর করা সম্ভব, অবশ্য যদি বিক্রেতা এইরকম হস্তান্তরের বিষয়ে বিমা কোম্পানিকে লিখিতভাবে জানায়। একটি নতুন প্রস্তাবের ফর্ম পূরণ করা দরকার। বিমার হস্তান্তরের জন্য সামান্য শুল্কের সঙ্গে হস্তান্তরের তারিখ থেকে পলিসি সমাপ্ত হওয়া পর্যন্ত এনসিবি-র আনুপাতিক মাশুল আদায় করা হয়। লক্ষ্য রাখতে হবে যে সামগ্রিক প্যাকেজ পলিসিতে মালিকানা হস্তান্তর নথিভুক্ত করাতে হবে হস্তান্তরের 14 দিনের মধ্যে, অন্যথায় গাড়ির নিজস্ব ক্ষতির জন্য কোনো দাবির অর্থ প্রদেয় নয়।

প্রশ্ন. গাড়িটি আরটিও-র নথিতে আমার নামে হস্তান্তরিত হওয়ার পরেও আমি কি পূর্বতন মালিকের নামে বিমাটি অব্যাহত রাখতে পারি?

উত্তর. না। গাড়ির রেজিস্ট্রেশন ও বিমা সর্বদা একই নামে একই ঠিকানা সহ থাকতে হবে। অন্যথায় দাবির অর্থ প্রদেয় নয়। একটি নতুন প্রস্তাবের ফর্ম পূরণ করা প্রয়োজন। বিমা হস্তান্তরের জন্য সামান্য মাশুল চার্জ করা হয়।

প্রশ্ন. আমি বিমা পলিসিটি হারিয়েছি। আমি কি তার একটি ডুপ্লিকেট পেতে পারি?

উত্তর. হ্যাঁ, দয়া করে লিখিত অনুরোধ সহ যে-অফিস পলিসিটি

3. মোটর বিমা সম্বন্ধে ঘনঘন জিজ্ঞাসিত প্রশ্নাবলি

প্রশ্ন. আমার কোন্ মোটর বিমা কভার কেনা উচিত? আমার কি সামগ্রিক বিমা কেনা উচিত, না কি কেবল দায় পলিসি?

উত্তর. ভারতে সার্বজনিক সড়কে চলাচলকারী সমস্ত গাড়ির জন্যই তৃতীয় পক্ষ দায় বিমা বাধ্যতামূলক। এটা অন্যের প্রতি ক্ষতি ও লোকসানের দায় কভার করে যার জন্য আপনি দায়ী। তা ছাড়াও সামগ্রিক প্যাকেজ পলিসি দ্বারা গাড়ির লোকসান বা ক্ষতি কভার করা বিধেয়, যা বিমাকৃত গাড়ির ‘দায়’ ও ‘স্বয়ং ক্ষতি’ উভয়ই কভার করে। কেবল দায় কভারকে ‘অ্যাক্ট ওনলি কভার’ও বলা হয়।

প্রশ্ন. কীভাবে প্রিমিয়াম নির্ধারিত হয়?

উত্তর. অনেকগুলি হেতু আপনার প্রদেয় প্রিমিয়াম নির্ধারণ করে। স্বয়ং ক্ষতি কভারের জন্য বিভিন্ন বিমা কোম্পানি একই ধরনের কভারেজে আলাদা আলাদা প্রিমিয়াম নির্ধারণ করে। দেখেশুনে কিনুন, তিনটি বা তার বেশি তুলনামূলক কোট নেওয়া লাভজনক। বিভিন্ন বিমাকারীর ওয়েবসাইট দেখুন, এটা আপনাকে প্রিমিয়ামের তুলনা করতে সাহায্য করবে। কর্তনের পরিমাণ, কভারেজ এবং আইডিডি-র তুলনা করতে ভুলবেন না, কেননা কোনো বিমাকারীর প্রিমিয়াম হয়তো কম কিন্তু কর্তন বেশি, কভারেজ কম এবং আইডিডি কম, যা আপনার দাবি নিষ্পত্তির ক্ষেত্রে

আপনার উপর বিরূপ প্রভাব ফেলবে।
আপনার এজেন্টকে নিম্নলিখিত আইটেমগুলি সম্বন্ধে তথ্য দেওয়ার জন্য তৈরি থাকুন, যা আপনার প্রিমিয়াম নির্ধারণে সাধারণত ব্যবহৃত হয়: ইঞ্জিন নং, চ্যাসিস নং, গাড়ির শ্রেণি, কিউবিক ক্ষমতা, আসন ক্ষমতা ইত্যাদি সহ ভেহিকেল রেজিস্ট্রেশনের বিবরণ (প্রকৃতপক্ষে, সমস্ত প্রাসঙ্গিক বিবরণ আরসি বই / কার্ডে রয়েছে এবং তার একটি কপি দেওয়া যেতে পারে) প্রদত্ত করের বিবরণ, সুস্থতার শংসাপত্র, লাইসেন্সের বৈধতা, পূর্ব বিমা ইতিহাস, যদি থাকে।

স্বয়ং ক্ষতি কভারেজের হিসাব বিমা কোম্পানি দ্বারা বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণকে দাখিল করার পরে করা হয়। এটা অন্যান্য সহ নিম্নলিখিত হেতুর আধারে নির্ধারিত হয় -- গাড়ির বয়স, ডিসকাউন্ট / লোডিং- উপযুক্ত বোনাস / লোডিং / ডিসকাউন্ট অতীত দাবির অভিজ্ঞতা সহ প্রিমিয়াম হিসাব করার সময় বিবেচিত হয়। আইডিভি (বিমাকৃতের ঘোষিত মূল্য)।

তৃতীয় পক্ষ দায় প্রিমিয়ামের হার আইআরডিএ দ্বারা স্থির করা হয়।

বিমায় ব্রেকের ক্ষেত্রে, গাড়ি নিরীক্ষণ দরকার হবে এবং তার জন্য অতিরিক্ত চার্জ দিতে হবে।

প্রশ্ন. কোন্ কভারেজ সীমা আমার প্রয়োজন পূরণ করে?

উত্তর. স্বয়ং ক্ষতির জন্য, গাড়ির জন্য বিমাকৃত ধনরাশিকে “বিমাকৃত ঘোষিত মূল্য” বলা হয় এবং সেটায় গাড়ির

প্রশ্ন. মোটর গাড়ি আইনের অধীনে বিমার প্রমাণপত্র কী?

উত্তর. সেন্ট্রাল মোটর ভেহিকেল রুলস 1989-এর 141 ধারা অনুযায়ী কোনো বিমার প্রমাণপত্র শুধু ফর্ম 51-তেই ইস্যু করতে হবে। শুধু মোটর গাড়ি বিমার ক্ষেত্রেই, পলিসি ছাড়াও আইন অনুযায়ী একটি পৃথক বিমার প্রমাণপত্র বিমাকারীকে ইস্যু করতে হবে। এই নথিটি সর্বদা গাড়িতে বহন করা উচিত। পলিসিটি আলাদাভাবে বাড়িতে / অফিসে সংরক্ষিত রাখা দরকার।

প্রশ্ন. আমি যদি গাড়িতে সিএনজি বা এলপিজি কিট লাগাই তাহলে কি বিমা কোম্পানিকে জানানো প্রয়োজন?

উত্তর. গাড়িতে যদি সিএনজি / এলপিজি লাগানো হয় তাহলে যেখানে সেটা পঞ্জিকৃত হয়েছে সেখানকার আরটিএ-কে রেজিস্ট্রেশন সার্টিফিকেটে (আরসি) পরিবর্তন নথিভুক্ত করার জন্য জানাতে হবে। বিমা কোম্পানিকেও “ওডি” সেকশন এবং “টিপি” সেকশনের অধীনে কিটের মূল্যের ওপর অতিরিক্ত প্রিমিয়াম জমা দিয়ে কিটকে কভার করার জন্য জানানো উচিত।

প্রশ্ন. সার্বজনিক স্থানে চালানোর সময় গাড়িতে কী কী নথিপত্র রাখতে হবে?

- উত্তর.**
- বিমার সার্টিফিকেট
 - পঞ্জিয়ন (রেজিস্ট্রেশন) সার্টিফিকেটের জেরক্স কপি
 - প্রদূষণ নিয়ন্ত্রণাধীনের সার্টিফিকেট
 - গাড়ি যে চালায় তার চালক অনুজ্ঞাপত্র (ড্রাইভিং লাইসেন্স)

গাড়ির জন্য টা. 500 পর্যন্ত, গাড়ির কিউবিক ক্ষমতা / বহন ক্ষমতার উপর নির্ভর করে অবশ্য কিছু কিছু ক্ষেত্রে গাড়ির বয়সের ভিত্তিতে কিংবা দাবির বারংবারতা বেশি হলে বিমাকারী অতিরিক্ত বাড়তি (এক্সেস) চাপিয়ে দিতে পারে।

প্রশ্ন. পলিসিতে কোনো পরিবর্তন নথিভুক্ত করার জন্য কী পদ্ধতি রয়েছে?

উত্তর. যদি পলিসিতে কোনো পরিবর্তন হয় তাহলে সেটা বিমা অফিস দ্বারা পৃষ্ঠাঙ্কনের (এনডোর্সমেন্ট) মাধ্যমে করা হবে। পরিবর্তনের প্রমাণ সহ বিমাকারীকে একটি চিঠি দিন এবং পৃষ্ঠাঙ্কনটি নিয়ে নিন। পৃষ্ঠাঙ্কনটির সত্যতা যাচাই করুন।

প্রশ্ন. আমি যদি কোনো নির্দিষ্ট শহরে গাড়িটি ব্যবহার করি, কী প্রিমিয়ামের হার প্রয়োগ করা হয়?

উত্তর. প্রিমিয়ামের হার প্রয়োগের ক্ষেত্রে গাড়িটি যেখানে পঞ্জিকৃত হচ্ছে সেটাই গণ্য (গাড়িটি কোথায় ব্যবহৃত হচ্ছে সেটা নয়)। আপনার গাড়ি চেনাইয়ে পঞ্জিকৃত হলে জোন এ-র জন্য প্রযোজ্য হার চার্জ করা হয়। এমন-কি আপনি অন্য কোনো নগর / শহরে চলে গেলেও সেই হারই প্রযোজ্য হতে থাকবে। অনুরূপভাবে, কোনো গাড়ি কোনো শহরে পঞ্জিকৃত হলে তার উপর জোন বি-র প্রিমিয়ামের হার প্রযোজ্য হবে। পরবর্তীকালে গাড়ির মালিক কোনো মহানগরে (মেট্রো) চলে গেলেও তাকে জোন বি-র হারই চার্জ করা চলতে থাকবে।

বর্তমান বাজার মূল্যের প্রতিফলন থাকা উচিত। তৃতীয় পক্ষ দায় কভারে তৃতীয় পক্ষের আঘাতের সীমাহীন কভারেজ রয়েছে। তবে তৃতীয় পক্ষ সম্পত্তির ক্ষতি টা.750,000 পর্যন্ত কভার করা হয়। বিমাকৃতের কাছে তৃতীয় পক্ষের সম্পত্তির লোকসান হেতু টা. 6,000 পর্যন্ত সীমিত রাখার বিকল্প রয়েছে, যার ফলে “কেবল দায়” প্রিমিয়াম কম হবে।

প্রশ্ন. পলিসির মেয়াদকাল কী?

উত্তর. সাধারণত পলিসি এক বছরের জন্য কার্যকর থাকে এবং নির্দিষ্ট তারিখের আগে নবীকরণ করতে হয়। যথাসময়ে প্রিমিয়াম দেবেন। কোনো বিমাকারীই প্রিমিয়াম প্রদানের জন্য প্রেস পিরিয়ড অফার করে না -- নির্দিষ্ট তারিখটাই নির্দিষ্ট তারিখ। এমন-কি এক দিনের জন্যও যদি পলিসি ল্যাপ্স হয় তাহলে গাড়িটি নিরীক্ষণ করাতে হয়। অধিকন্তু, কোনো সামগ্রিক পলিসি যদি 90 দিনের বেশি সময়ের জন্য ল্যাপ্স হতে দেওয়া হয় সেক্ষেত্রে এন সি বি-র (নো ক্রেম বোনাস) অর্জিত লাভও পাওয়া যায় না।

প্রশ্ন. “নো ক্রেম বোনাস” কী?

উত্তর. নো ক্রেম বোনাস হচ্ছে পূর্ববর্তী পলিসি বছরে শূন্য দাবির জন্য বিমাকৃতের অর্জিত লাভ। বর্তমানে বিদ্যমান মান অনুযায়ী, এটা স্বয়ং ক্ষতি প্রিমিয়ামের উপরে (এবং দায় প্রিমিয়ামের উপরে নয়) 20% থেকে শুরু হয় এবং ধারাবাহিক দাবিমুক্ত বছরের ভিত্তিতে সর্বাধিক 50%

পর্যন্ত ধীরে ধীরে বাড়ে। অবশ্য, যদি দাবি পেশ করা হয় তাহলে পরবর্তী বছরে নো ক্রেম বোনাস পাওয়া যায় না। এনসিবি বিমাকৃত ব্যক্তিকে দেওয়া হয়, বিমাকৃত গাড়িকে নয়। সুতরাং গাড়ি হস্তান্তরের ক্ষেত্রে, বিমা পলিসিটি নতুন মালিকের নামে বদলানো যেতে পারে, কিন্তু এনসিবি নয়। বাকি পলিসি পিরিয়ডের জন্য নতুন মালিককে এনসিবি খাতে পার্থক্যরাশি দিতে হবে। তবে মূল মালিক তার কেনা নতুন গাড়ির জন্য এনসিবি ব্যবহার করতে পারে।

প্রশ্ন. আমি যদি বিমা কোম্পানি পরিবর্তন করতে চাই তাহলে কি আমার নো ক্রেম বোনাস স্থানান্তরিত হবে?

উত্তর. হ্যাঁ, আপনি যদি নবীকরণের সময় বিমাকারী পরিবর্তন করেন তাহলে আপনি এনসিবি-র সুবিধা গ্রহণ করতে পারেন। বর্তমান বিমাকারীর কাছ থেকে নবীকরণের নোটিশের মাধ্যমে প্রাপ্ত এনসিবি-র প্রমাণ আপনাকে দাখিল করতে হবে। যদি সেটা দাখিল করা সম্ভব না-হয় সেক্ষেত্রে সমাপ্ত হওয়া পলিসির ওপরে আপনার দ্বারা যে কোনো দাবি পেশ করা হয়নি সেইমর্মে একটি সার্টিফিকেট সহ আপনি সমাপ্ত হওয়া মূল পলিসিটি দাখিল করতে পারেন। সেজন্য, এই প্রমাণ নবীকরণের নোটিশের আকারে কিংবা পূর্বতন বিমাকারীর কাছ থেকে এনসিবি-র হকদার হওয়ার বার্তা সংবলিত একটি পত্র রূপেও হতে পারে।

প্রশ্ন. এমন কোনো ডিসকাউন্ট আছে কি যা আমার প্রিমিয়াম কম করবে?

উত্তর. এনসিবি ছাড়াও, যাদের জন্য স্বয়ং ক্ষতি প্রিমিয়ামের অধীনে অতিরিক্ত ডিসকাউন্ট লভ্য তার মধ্যে রয়েছে অটোমোবাইল অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া, ডিন্টেজ কার (ডিন্টেজ অ্যান্ড ক্লাসিক কার ক্লাব অব ইন্ডিয়া দ্বারা শংসিত প্রাইভেট গাড়িসমূহ)-এর সদস্যবৃন্দ, অটোমোবাইল রিসার্চ অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়া (এআরএআই), পুণে দ্বারা অনুমোদিত চুরি-রোধক কৌশল সংস্থাপন যা এএআই দ্বারা অনুমোদিত, দৃষ্টি হীন, শারীরিক প্রতিবন্ধী ও মানসিক প্রতিবন্ধীদের জন্য বিশেষভাবে ডিজাইন করা / রূপান্তরিত গাড়ির জন্য ছাড়, যেগুলি সংশ্লিষ্ট আইটিএ দ্বারা আরসি-তে যথাযথ ভাবে অনুমোদিত, এবং যারা স্বেচ্ছায় অতিরিক্ত কর্তন / বাড়তি রাশির জন্য বেছে নিয়েছে।

“কেবল দায় বিভাগ”-এর অধীনে তৃতীয় পক্ষ সম্পত্তি ক্ষতিতে হ্রাসের জন্য ছাড় লভ্য।

(টিপিপি ডি) টা. 750,000 থেকে টা. 6,000।

প্রশ্ন. পরিষেবা কর কি প্রযোজ্য এবং সেটা কত?

উত্তর. হ্যাঁ, পরিষেবা কর প্রযোজ্য এবং তা আইনে বিদ্যমান বিধি অনুযায়ী হবে।

প্রশ্ন. কর্তনযোগ্য (এক্সেস) ধনরাশি কী?

উত্তর. কর্তনযোগ্য বা “বাড়তি” (এক্সেস) হচ্ছে এমন ধনরাশি যা প্রদেয় দাবির অতিরিক্ত অধিকাংশ গাড়ির জন্যই একটি স্বাভাবিক সাধারণ / বাধ্যতামূলক বাড়তি রয়েছে যা টু-হুইলারের জন্য টা. 50 থেকে ব্যক্তিগত বা বাণিজ্যিক